



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, বিসিক, খুলনা



বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর – ডিসেম্বর/২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ভাছের নাসরীণ
আঞ্চলিক পরিচালক(ভারপ্রাপ্ত), বিসিক, খুলনা।
সভার তারিখ ও সময় : ২১/১২/২০২২, বিকাল ২.৩০ ঘটিকা
সভার স্থান : আঞ্চলিক পরিচালক এর অফিস কক্ষ।
উপস্থিত তালিকা : 'পরিশিষ্ট ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ব্যক্তিগত ও জাতীয় জীবনে শুদ্ধাচারের গুরুত্ব তুলে ধরেন। গত ২৯/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।


অতঃএব সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করা হয়।

সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (১ম ত্রৈমাসিক) পর্যালোচনা	২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (১ম ত্রৈমাসিক) এর নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। বাস্তবায়ন অগ্রগতি নিয়ে কমিটির সদস্যরা সন্তোষ প্রকাশ করেন	২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিয়মিত কমিটির সভা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব শুদ্ধাচার নৈতিকতা কমিটি
২.	কর্ম পরিবেশ উন্নয়ন	অফিস চত্বর, অফিসের কক্ষগুলি সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন, অকেজো মালামাল নিষ্পত্তি, সহকর্মীদের একে অপরের সাথে সুসম্পর্ক বজায় রাখার পাশাপাশি কর্মচারীদের নির্ধারিত পোশাক পরিধানের বিষয়ে আলোচনা হয়।	অত্র কার্যালয়ের চত্বর, সকল কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন, অকেজো মালামাল নিষ্পত্তি, সহকর্মীদের একে অপরের সাথে সুসম্পর্ক বজায় রাখার পাশাপাশি কর্মচারীদের নির্ধারিত পোশাক পরিধানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সকল কর্মকর্তা ও কর্মচারী

৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও প্রদর্শন	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়।	দ্রুত সময়ের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করে অফিসের প্রকাশ্য স্থানে স্থাপন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। সেবা গ্রহীতাকে নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	মূল্যায়ন কর্মকর্তা-২
৪.	দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিকরণ	সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। দুর্নীতি যে ক্যান্সারের সমন্বয়- সকল স্তরে এমন ধারণার প্রসার ঘটিতে দুর্নীতি প্রতিরোধকল্পে গণ সচেতনতা বৃদ্ধির উপর আলোকপাত করা হয়।	দুর্নীতি প্রতিরোধকল্পে সকল কর্মকর্তা ও কর্মচারীদের সচেতন হতে হবে এবং সবাইকে দায়িত্ববান হয়ে অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী
৫.	প্রশিক্ষণ	দক্ষতা অর্জনের অন্যতম মাধ্যম হলো প্রশিক্ষণ। বিসিকের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জ্ঞান অর্জন ও দক্ষতা বৃদ্ধি জন্য প্রশিক্ষণ আয়োজন ও দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার বিষয়ে আলোকপাত করা হয়।	বিসিক প্রধান কার্যালয়, লোক প্রশাসন কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, সরকারী অন্যান্য সংস্থার মাধ্যমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	অফিস প্রধান
৬.	প্রাপ্ত পত্রাদি যথাযথভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন	পত্রপ্রাপ্তির সাথে সাথে কর্তৃপক্ষের সাথে আলোচনা ক্রমে পত্রের জবাব প্রস্তুত করে যথাসময়ে সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের পাশাপাশি প্রতিটি কাজকে গুরুত্ব দেওয়ার বিষয়টি আলোচনায় উল্লেখ করা হয়।	ডাকযোগে অথবা অনলাইনে প্রাপ্ত সকল পত্র যথাযথভাবে নির্দিষ্ট সময়ে উপস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট পত্রের প্রয়োজনীয় জবাব যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও কর্মচারী

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি শুদ্ধাচার ও নৈতিকতা বাস্তবায়নের উপর গুরুত্বোপেক্ষ করার জন্য সকলকে
আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


22/02/2022

(তাহেরা নাসরীন)

আঞ্চলিক পরিচালক(ডারপ্রাপ্ত)

বিসিক, খুলনা।

ইমেইল: rdkhulna@bscic.gov.bd

স্মারক নং- ৩৬.০২.০০০০.০০০.০৫.২৮৫.১৭/২০২৩ (৩)

০৬ পৌষ, ১৪২৯
তারিখঃ- ২১ ডিসেম্বর ২০২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ) বিসিক, ঢাকা।

২. সচিব, বিসিক, ঢাকা।

৩. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



(তাহেরা নাসরীন)

আঞ্চলিক পরিচালক(ভারপ্রাপ্ত)

বিসিক, খুলনা।

ইমেইলঃ rdkhulna@bscic.gov.bd